

আস-সাফাত | As-Saffat | الصَّافَّات

আয়াতঃ ৩৭ : ১৯

আরবি মূল আয়াত:

فَإِنَّمَا هِيَ زَجْرَةٌ وَاحِدَةٌ فَإِذَا هُمْ يَنْظُرُونَ ﴿١٩﴾

অনুবাদসমূহ:

তা হবে কেবল এক আওয়াজ আর তৎক্ষণাৎ তারা দেখতে পাবে। — আল-বায়ান

ওটা (হবে) মাত্র একটা প্রচন্ড শব্দ, আর তখনই তারা স্বচক্ষে (সব কিছু) দেখতে পাবে। — তাইসিরুল

ওটা একটি মাত্র প্রচন্ড শব্দ। আর তখনই তারা প্রত্যক্ষ করবে। — মুজিবুর রহমান

It will be only one shout, and at once they will be observing. — Sahih International

১৯. অতঃপর তা তো একটিমাত্র প্রচণ্ড ধমক—আর তখনই তারা দেখবে।(১)

(১) زَجْرَةٌ শব্দের একাধিক অর্থ হয়ে থাকে। এর এক অর্থ, ‘প্রচণ্ড ধমক’ বা ‘ভয়ানক শব্দ’। এখানে মৃতদেরকে জীবিত করার উদ্দেশ্যে ইসরাফীল আলাইহিস সালাম এর শিংগায় দ্বিতীয় ফুৎকার বোঝানো হয়েছে। [ফাতহুল কাদীর]

তফসীরে জাকারিয়া

(১৯) মাত্র একটি প্রচন্ড শব্দ হবে;[1] তখন ওরা প্রত্যক্ষ করবে। [2]

[1] অর্থাৎ, তারা আল্লাহ তাআলার একই আদেশ এবং ইসরাফীল (আঃ)-এর শৃঙ্গায় এক (দ্বিতীয়) ফুৎকারে কবর থেকে জীবিত হয়ে বের হয়ে আসবে।

[2] অর্থাৎ, তাদের সম্মুখে কিয়ামতের ভয়ানক দৃশ্য এবং হাশরের ময়দানের কঠিন অবস্থা হবে; যা তারা প্রত্যক্ষ করবে। زَجْرَةٌ এর আসল অর্থঃ ধমক। এখানে ফুৎকার বা বিকট আওয়াজকে زَجْرَةٌ বলা হয়েছে, কারণ এর উদ্দেশ্য হল ধমক দেওয়া।

তফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3807>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন